গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-১ শাখা

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের জুলাই ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২২/০৮/২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সকল কর্মকর্তা, সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালকগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকল প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ব্যয় এবং প্রকল্প সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। সুরক্ষা সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করা এবং চলমান প্রকল্পের ক্রয় কার্যক্রম বার্ষিক অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী স্বচ্ছতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, সংস্থা প্রধানসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি গত অর্থ বছরের অগ্রগতি জানতে চাইলে যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন, ২০২২-২৩ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ১৩টি প্রকল্পের অগ্রগতি ৯৯.০২% এবং জাতীয় গড় অগ্রগতি ৮৪.১৬%। এ সাফল্য অর্জন করায় সভাপতি উপস্থিত অধিদপ্তরের মহাপরিচালক, প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতির সঠিক নির্দেশনায় ও নেতৃত্বে এ সাফল্য অর্জন করতে পারায় সভার পক্ষ হতে সভাপতিকে ধন্যবাদ জানানো হয়। ২০২৩-২৪ অর্থবছরে সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন চলমান ১১টি প্রকল্পের কর্মপরিকল্পনার আর্থিক লক্ষ্যমাত্রা ও ভৌত অগ্রগতির বাস্তব অর্জন; প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিতকরণ এবং তা থেকে উত্তরণের সম্ভাব্য সমাধানকল্পে বিগত মাসের এডিপি সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বাস্তব অগ্রগতি এবং প্রকল্প ভিত্তিক সার্বিক তথ্যাদি উপস্থাপনের জন্য যু্গ্ম সচিব (পরিকল্পনা)-কে অনুরোধ করা হয়।

০২। সভার প্রারম্ভে যুগ্নসচিব (পরিকল্পনা) ২০২৩-২০২৪ নতুন অর্থবছরের প্রথম সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। গত ২৬ জুলাই ২০২৩ তারিখে অনুষ্ঠিত এডিপি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরিত হয়। উক্ত সভার কার্যবিবরণীতে কোন পর্যবেক্ষণ বা সংশোধনীর প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে সুরক্ষা সেবা বিভাগের ১১টি প্রকল্পের অনুকূলে ১৪৮৫.৫৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে যা সম্পূর্ণটাই জিওবির আওতাধীন। জুলাই ২০২৩ পর্যন্ত প্রথম কিস্তিতে অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৩৭০.৩৫ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৪.৯৩%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ২১০.৯৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ১৪.২০%। ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় গড় অগ্রগতি এখনো প্রকাশিত হয়নি। সভাপতি সকল প্রকল্প জোরদার মনিটরিং করে লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় এ পর্যায়ে যুগ্মসচিব (পরিকল্পনা) সংস্থাওয়ারী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরে বলেন যে, ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (এফএসসিডি) কর্তৃক বাস্তবায়নাধীন ০১টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮২.৭৪ কোটি টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ২০.৬৮ কোটি টাকা যা বরাদ্দের ২৫%। প্রকল্পটির অনুকূলে জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে মোট ০.০৩৫৯ কোটি টাকা যা বরাদ্দের ০.০৪৩%। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ০২টি প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ৮৪৮.৮২ কোটি টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত অর্থ অবুমক্ত করা হয়েছে ২২৫.০৩ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৬.৫১%। প্রকল্প ০২টির অনুকূলে জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ২০১.৪১ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৩.৭৩%। কারা অধিদপ্তরের ০৭টি প্রকল্পের অনুকূলে এডিপি বরাদ্দ ৪৯০.০১ কোটি টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত অর্থ অবমুক্ত করা হয়েছে ১০৮.৯০ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২২.২২%। ০৭টি প্রকল্পের অনুকূলে জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ৯.৪৯ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ১.৯৪%। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ০১টি প্রকল্পের অনুকূলে এডিপিতে মোট ৬৪.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ অবমুক্ত হয়েছে ১৫.৭৪ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৪.৬০%। এ প্রকল্পের অনুকূলে জুলাই ২০২৩ পর্যন্ত কোনো অর্থ ব্যয় করা হয়নি।

যুগ্ম সচিব (পরিকল্পনা) জানান যে, গত এডিপি সভায় প্রতিটি প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে একটি সময় ভিত্তিক বিস্তারিত ভৌত অবকাঠামো নির্মাণ কার্যক্রম এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে তা সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করার সিদ্ধান্ত ছিল উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গত ৩১ জুলাই, ২০২৩ এর মধ্যে অধিদপ্তরসমূহের ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

## ০৫। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রকল্পসমূহ:

### (ক) ১১টি মডার্ণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প:

আলোচনাঃ

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ৬১৭.১৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫০২.২০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮১.৩৭% এবং ভৌত অগ্রগতি ৯২%। এ প্রকল্পের অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ ৮২.৭৪ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থের পরিমাণ ২০.৬৮

কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৫%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০৩৫৯ কোটি টাকা যা বরাদ্দের ০.০৪৩৩%। যেহেতু ডিসেম্বর/২৩ এর মধ্যে এ প্রকল্পটি সমাপ্ত হবে, সেজন্য এ প্রকল্পে অর্থ ছাড়ের বিষয়ে পদক্ষেপ নেয়া হয়েছে কিনা সভাপতি জানতে চাইলে, প্রকল্প পরিচালক জানান যে, অর্থ ছাড়ের জন্য তিনি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবেন। বর্তমানে যে বরাদ্দ আছে তা প্রকল্প শেষ করার জন্য যথার্থ কিনা সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন বর্তমান বরাদ্দেই প্রকল্পটি শেষ করা সম্ভব হবে। প্রকল্প পরিচালক বলেন, ১১টি স্টেশনের মধ্যে ০৭টি (১)গাজীপুর জেলার সারাবো (কাশিমপুর) মডার্ণ ফায়ার স্টেশন; (২) সাভার সেনানিবাসস্থ জিরাবো, সাভার স্টেশন; (৩)রুপপুর গ্রীন সিটি, পাবনা; (৪) গাজীপুর চৌরাস্তা, গাজীপুর; (৫) রাজেন্দ্রপুর চৌরাস্তা, গাজীপুর; (৬) কর্ণফুলী চট্টগ্রাম, ও (৭) কাঁচপুর ব্রিজ, নারায়ণগঞ্জের নির্মাণ কাজ শেষ হয়েছে। (৮) গাজীপুর, কোণাবাড়ী স্টেশনটি সেপ্টেম্বর ২০২৩ এর মধ্যে উদ্বোধন করা সম্ভব হবে। ০৩টি স্টেশন পিছিয়ে আছে তার মধ্যে (৯) কালুরঘাট, চট্টগ্রামের ৮০% কাজ সম্পন্ন হয়েছে। (১০) শিবু মার্কেট, ফতুল্লা পরে শুরু হলেও ০৪ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে এবং বাউন্ডারি দেয়ালের কাজ চলছে। (১১) রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র স্টেশনটি প্রকল্প পরিচালক গত ৯-১০ আগস্ট পরিদর্শন করেন। প্রকল্পটি ডিসেম্বর ২০২৩ এর মধ্যে শেষ হবে মর্মে প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, নভেম্বরের মধ্যে লক্ষ্য নির্ধারণ করলে ডিসেম্বরের মধ্যে কাজ শেষ করা সম্ভব হবে। এ প্রসঙ্গে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) গণপূর্ত অধিদপ্তর বলেন, অক্টোবরের মধ্যে কাজ শেষ করা যাবে। সভাপতি মহোদয় এ প্রকল্পের কাজ দ্রুত শেষ করার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন রুপপুর পারমানবিক কেন্দ্র ফায়ার স্টেশন একটি বিশেষায়িত ফায়ার স্টেশন । এ প্রকল্প সম্পন্ন হওয়ার পর ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।

Strengthening Ability of Fire Emergency Response (SAFER) Project শীর্ষক প্রকল্প সংক্রান্ত KOICA এর প্রতিনিধিদল সভাপতি মহোদয়ের সাথে দেখা করেন। সভাপতি মহোদয় অধিদপ্তর এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে KOICA এর প্রতিনিধি দলের সাথে যোগাযোগ করার নির্দেশনা দেন।

**<u>সিদ্ধান্ত:</u>**

(ক) সময়াবদ্ধ (Time Bound) কর্মপরিকল্পনা মোতাবেক মাসভিত্তিক টার্গেট অনুযায়ী আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন করতে হবে এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে নিবিড়ভাবে তদারকি করতে হবে;

(খ) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করবেন;

(গ) ক্রয় পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই অগ্নি নির্বাপক সরঞ্জামাদি সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(খ) <u>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ</u>:**

| ক্রম | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগের গুরুত্বপূর্ণ ৪৬টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৬) | ডিপিপি'র উপর গত ০৬/০৬/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত প্রতিফলিত করে ডিপিপি'র ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অংশ পুনর্গঠন করে গত ০১/০৮/২০২৩ তারিখে গণপূর্ত অধিদপ্তরে পূর্ণাঙ্গ ডিপিপি প্রণয়নের জন্য প্রেরণ করা হয়েছে। পুনর্গঠিত ডিপিপি সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। গণপূর্ত অধিদপ্তর |
| ২. | দেশের গুরুত্বপূর্ণ ৫৯টি (৫১টি নতুন ও ৮টি ফায়ার স্টেশন পুনঃনির্মাণ) স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প (মার্চ ২০২২ হতে জুন ২০২৫) | গত ২৭/০৩/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ৩১/০৫/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রকল্পটি অনুমোদনের প্রক্রিয়া গ্রহণের জন্য গত ১৪/০৮/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন |
| ৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের জন্য ০২টি বহুতল আবাসিক ভবন নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ২৮/০৩/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত প্রতিফলন করে পুনর্গঠিত ডিপিপি সেপ্টেম্বর ২০২৩ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। গণপূর্ত অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/১২/২০২৫) | গত ০৬/০২/২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রস্তাবিত প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ৩০/০৪/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>পরিকল্পনা কমিশনের চাহিদা অনুযায়ী সংগৃহীতব্য অ্যাম্বুলেন্স এর অর্থনৈতিক কোড জানানোর জন্য সুরক্ষা সেবা বিভাগ হতে অর্থ বিভাগকে অনুরোধ করা হলে অর্থ বিভাগ কর্তৃক ০৩ আগষ্ট ২০২৩ তারিখে সংগৃহীতব্য অ্যাম্বুলেন্স এর অর্থনৈতিক কোড সরবরাহ করা হয়েছে। যা গত ১৪ আগস্ট ২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগ হতে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগকে অবহিত করা হয়েছে। সংশোধিত অর্থনৈতিক কোড সংযোজন পূর্বক পুনর্গঠিত ডিপিপি গত ১৬/০৮/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমান পুনর্গঠিত ডিপিপিটি পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | সুরক্ষা সেবা বিভাগ |
| ৫. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ১০ টি বিশেষায়িত অগ্নি নির্বাপন ও উদ্ধার ইউনিট স্থাপন প্রকল্প | ১০টি স্পেশালাইজড ইউনিট (FARSOW) গঠনের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনার আলোকে "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অধীনে ১৩টি কৌশলগত গুরুত্বপূর্ণ অবস্থানে ৭৩টি বিশেষায়িত অগ্নিনির্বাপণ ও উদ্ধার ইউনিট মোতায়েন" শীর্ষক প্রকল্প নামে নামকরণ করে অত্র অধিদপ্তর সংশ্লিষ্ট ডিপিপি পুনর্গঠন করে পূর্ণাঙ্গ ডিপিপি প্রণয়নের জন্য গত ২০ জুলাই ২০২৩ তারিখে গণপূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সেপ্টেম্বর ২০২৩ মাসের মধ্যে ডিপিপি প্রণয়নের কাজ সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | গণপূর্ত অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। |
| ৬. | বঙ্গবন্ধু শেখ মুজিব ফায়ার একাডেমি স্থাপন প্রকল্প। | ৩০-০৮-২০২২ তারিখে প্রকল্পের মাষ্টার প্ল্যান এবং গত ০৬-১০-২০২২ তারিখে ডিপিপি পুনর্গঠন করে সুরক্ষা সেবা বিভাগ ও স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হলে সুরক্ষা সেবা বিভাগ হতে ২৪ জুন ২০২৩ তারিখে প্রকল্পের কিছু অবজারভেশনসহ ডিপিপি পুনর্গঠন করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে অক্টোবর, ২০২৩ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৭. | দেশের উত্তরাঞ্চলের (রাজশাহী, রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানা সদর/স্থানে ৫১টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। (২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) | সেপ্টেম্বর, ২০২৩ মাসের মধ্যে ডিপিপি সম্পন্ন করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৮. | দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/ থানা সদর/স্থানে ৫৪টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প। (২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) | দেশের দক্ষিণাঞ্চলের (চট্টগ্রাম, খুলনা ও বরিশাল বিভাগ) গুরুত্বপূর্ণ উপজেলা/থানাসদর/স্থানে ৫২টি ফায়ার স্টেশন স্থাপন প্রকল্পের অধিদপ্তর সংশ্লিষ্ট ডিপিপি'র অংশ প্রস্তুত করে গত ০৯/০৮/২০২৩ তারিখে গণপূর্ত অধিদপ্তরে পূর্ণাঙ্গ ডিপিপি প্রণয়নের জন্য প্রেরণ করা হয়েছে। পূর্ণাঙ্গ ডিপিপি সেপ্টেম্বর ২০২৩ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৯. | মর্ডানাইজেশন এন্ড ক্যাপাসিসিট বিল্ডিং অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স প্রকল্প। (২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প) | অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধিকল্পে প্রস্তাবিত "মর্ডানাইজেশন এন্ড ক্যাপাসিটি বিল্ডিং অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে গত ৩১/০৫/২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়। সুরক্ষা সেবা বিভাগ হতে প্রকল্পের ডিপিপিতে ফিজিবিলিটি স্টাডি ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো সংযুক্ত করে সংশোধিত ডিপিপি প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। উক্ত ফিজিবিলিটি স্টাডি ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত জনবল কাঠামো সংযুক্ত করে পুনর্গঠিত ডিপিপি সেপ্টেম্বর ২০২৩ মাসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

০৬। <u>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রকল্পসমূহ:</u>

**(ক) ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:**

<u>আলোচনাঃ</u>

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জুলাই ২০২২ হতে জুন ২০২৫ মেয়াদে ১৬২.৩৪১৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পটি গত ০২/০৮/২০২২ তারিখে একনেকে অনুমোদিত হয়েছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ০.১০৮৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.০৭%। ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৬৪.০০ কোটি টাকা এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে । প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ১৫.৭৪ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৬০%। জুলাই ২০২৩ পর্যন্ত এ প্রকল্পে কোনো ব্যয় করা হয়নি। ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন প্রকল্পের বিষয়ে সভাপতি মহোদয় একটি আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করার ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

<u>সিদ্ধান্ত:</u>

(ক) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্পের কাজ পরিদর্শন করবেন এবং গুণগতমান বজায় রেখে পিপিআর অনুযায়ী চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে;

(খ) ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) প্রকল্প ০২টি ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন প্রকল্পের বিষয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভা আয়োজন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

<u>০৭। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:</u>

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | ০৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণে ডোপ টেস্ট প্রবর্তন (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | ১১/১২/২০২২ তারিখে প্রকল্পটির উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মাদকাসক্ত সনাক্তকরণ তথা ডোপ টেস্টের বিষয়ে একটি চূড়ান্ত ও কার্যকর নীতিমালা প্রণয়ন এবং প্রণীত নীতিমালার ভিত্তিতে আলোচ্য প্রকল্পের আওতায় প্রস্তাবিত কার্যক্রমসমূহ অর্থবিভাগের সাথে আলোচনার প্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের পরিচালন বাজেটের আওতায় পর্যায়ক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। নীতিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ২. | ০৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের ডিপিপি প্রণয়নের নিমিত্ত গত ১৫/০৬/২০২৩ তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে গণপূর্ত অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। প্রকল্পের ডিপিপি আগস্ট-২০২৩ মাসের মধ্যে পাওয়া যাবে মর্মে গণপূর্ত অধিদপ্তর হতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে মৌখিকভাবে জানিয়েছেন এবং এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি গণপূর্ত অধিদপ্তরের সাথে প্রতিনিয়ত যোগাযোগ করতে হবে। | ১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর<br>২।গণপূর্ত অধিদপ্তর |
| ৩. | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা অফিস ভবন নির্মাণ (১ম পর্যায়ে ০৭টি) (০১/০৭/২০২২ হতে ০১/০৬/২০২৫) | উক্ত প্রকল্পের উপর গত ১২ মে, ২০২২ তারিখে প্রকল্পের যাচাই কমিটির সভা হয়েছে। যাচাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের প্রাথমিক স্থাপত্য নকশা এবং স্থানিক নকশা সংশোধন করা হয়েছে এবং অত্র অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ও প্রতিস্বাক্ষরিত হয়েছে। সংশোধিত প্রাথমিক স্থাপত্য নকশা এবং স্থানিক নকশা প্রেরণপূর্বক সে মোতাবেক ডিপিপি পুনর্গঠন করার জন্য ২৬.০১.২০২২ তারিখে গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। গণপূর্ত অধিদপ্তর কর্তৃক ডিপিপি পুনর্গঠন করা হয়েছে এবং পুনর্গঠিত ডিপিপি পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর গত ০৭ জুন ২০২৩ খ্রি: তারিখে প্রেরণ করা হয় এবং প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে সুরক্ষা বিভাগ কর্তৃক গত ২৪/০৭/২০২৩ খ্রি: তারিখে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ০৩ (তিন) টি বিভাগে (খুলনা, ময়মনসিংহ, রংপুর) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরিসহ বিভাগীয় কার্যালয় নির্মাণ | শুরুতে প্রকল্পটিতে ০২ (দুই) টি বিভাগে (খুলনা, রংপুর) বিভাগীয় কার্যালয় নির্মাণের প্রস্তাব ছিল। পরবর্তীতে ময়মনসিংহ বিভাগে বিভাগীয় কার্যালয় নির্মাণের প্রস্তাব এবং বিভাগীয় কার্যালয়ের এর সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি নির্মাণ অন্তর্ভুক্ত করে ডিপিপি পুনর্গঠনের সিদ্ধান্ত হয়। সে মোতাবেক টেস্টিং ল্যাবরেটরি অন্তর্ভুক্ত করে ৩ তলার পরিবর্তে ৫ তলা বিশিষ্ট বিভাগীয় কার্যালয় ভবনের সিদ্ধান্ত হয়। সে মোতাবেক স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রকল্পের প্রাথমিক স্থাপত্য নকশা ও স্থানিক নকশা প্রনয়ন করা হয়। প্রাথমিক স্থাপত্য ও স্থানিক নকশার উপর গত ০৮/০২/২০২৩ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক স্থাপত্য নকশা সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। | স্থাপত্য অধিদপ্তর |

০৮। **<u>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রকল্পসমূহ</u>:**

**(ক) <u>বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্পঃ</u>**

**<u>আলোচনাঃ</u>**

যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) সভায় উল্লেখ করেন যে, জুলাই ২০১৮ হতে জুন ২০২৮ মেয়াদে ৪৬৩৫.৯১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩৫৫৩.৯৪ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৬.৬৬%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৩০.০০ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ২০৭.৪৫ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৫%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ১৯৯.৯১২ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৪.০৯%। অত:পর প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত আলোচনার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক বলেন, উক্ত প্রকল্পের ২০/০৮/২০২৩ তারিখে অ্‌নুষ্ঠিত পিইসি সভায় অনেকগুলো সিদ্ধান্ত গৃহীত হয়। যার মধ্যে ডিপিপি এবং চুক্তির মধ্যে ১৪৫ কোটি টাকার সমন্বয় করার জন্য বলা হয়েছে। পিইসি সভায় ২৪৫ কোটি টাকা বেশি ব্যয়ের বিষয়ে জানতে চাওয়া হয়েছে এবং ১২৬৯টি ওয়েব ক্যামের পরিবর্তে ৪০০টি ওয়েব ক্যাম নেওয়ার বিষয়ে উক্ত সভায় জানতে চাওয়া হয়েছে। প্রকল্প হতে এ বিষয়ে বিস্তারিত প্রতিবেদন প্রদান করা হবে। প্রকল্প কর্মকর্তাদের বেতন ভাতা বিষয়ে পিইসি সভায় জানতে চাওয়া হয়েছে। মোবাইল সার্ভিস (এসএমএস সার্ভিস) ভাতা ৯.২০ কোটি যা অর্থ মন্ত্রণালয় ৭.০০ কোটি টাকা নির্ধারণ করার পরামর্শ দিয়েছেন। সভাপতি বলেন যে, যেহেতু বিদেশি মিশনে এ খাতে অর্থের প্রয়োজন হয়, তাই অনুষ্ঠান ও উৎসব খাতে বরাদ্দ বাড়াতে হবে। প্রকল্প পরিচালক বলেন, বুকলেট এর এলসি করার জন্য বরাদ্দ ছাড় করা প্রয়োজন। ২৫ লক্ষ এলসি কম্পোনেন্টের মধ্যে অধিকাংশ কম্পোনেন্ট চলে আসছে। সেপ্টেম্বর/২৩ এর মধ্যে এলসি ওপেন করা প্রয়োজন। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে অর্থ ছাড় পাওয়া সাপেক্ষে এলসি ওপেন করে অক্টোবর/নভেম্বরের মধ্যে বুকলেট আনা সম্ভব হবে। তাছাড়া Veridos এর কাছে ১৩টি বিদেশ মিশনের কনসাইনমেন্ট রেডি আছে। Veridos থেকে কনসাইনমেন্ট শিপমেন্ট করা হলে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ১৫ আরপিওর কাজ Veridos করে দেবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে জানান। সভাপতি ই-গেট স্থাপন ও পরিচালনার লক্ষ্যে অধিদপ্তর এবং

মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি সভা আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:**

(ক) দেশের বিমান বন্দর ও স্থল বন্দর গুলোতে ই-গেট যথাযথভাবে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় জনবলের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) স্টক শেষ হওয়ার অন্তত ছয় মাস আগে বুকলেট সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) ই-গেট স্থাপন ও পরিচালনার লক্ষ্যে অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে;

(ঘ) অনুষ্ঠান ও উৎসব খাতে বাস্তবতার নিরীখে বরাদ্দ পুর্ণবিন্যাস করতে হবে;

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(খ) ১৬টি আঞ্চলিক পাসপোর্ট অফিস নির্মাণ প্রকল্পঃ**

**আলোচনাঃ**

যুগ্মসচিব (পরিকল্পনা) বলেন যে, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ১২৮.৪০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১০২.৬৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৯.৯৭% এবং ভৌত অগ্রগতি ৮৭%। ২০২৩-২৪ অর্থবছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১৮.৮২ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ১৭.৫৮ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯৩.৪১%। জুলাই, ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ১.৫০ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৭.৯৭%। প্রকল্পের অন্যান্য বিষয় সমূহ সভায় উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালকের অনুরোধের প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন, অক্টোবরের মধ্যে প্রকল্পের কাজ শেষ হবে। প্রকল্পের লিফটের এলসি সম্পন্ন হয়েছে। লিফটি সরাসরি ইতালি থেকে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্পের জমি সংক্রান্ত ২টি জেলায় হাইকোর্টে মামলা চলমান রয়েছে এবং উক্ত মামলাদ্বয়ের উকিল পরিবর্তন করে দায়িত্ব সম্পন্ন উকিল নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী জেলা ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আগামী এডিপি মাসিক সভায় উপস্থাপন করতে হবে;

(খ) অক্টোবর ২০২৩ এর মধ্যেই প্রকল্পের সকল ভৌত অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(গ) ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের বরাদ্দবিহীনভাবে (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পসমূহ:**

| ক্র: নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স-২ উত্তরায় নির্মিতব্য বহুতল ভবন (০১/১২/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়নি। ফিজিবিলিটি স্ট্যাডিসহ ডিপিপি এ বিভাগে প্রেরণের জন্য ২৬ জুন, ২০২৩ তারিখে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। | (১)ইমিগ্রেশন ও পাসপোর্টঅধিদপ্তর (২)গণপূর্ত অধিদপ্তর (৩) স্থাপত্য অধিদপ্তর |
| ২. | ইমপ্লিমেন্টেশন অব ই-ভিসা, বাংলাদেশ প্রকল্প (জুলাই ২০২৩-জুন ২০২৮) | ভিসার কাজ চলমান রয়েছে। | |

**০৯। কারা অধিদপ্তর-এর প্রকল্পসমূহ:**

**(ক) খুলনা জেলা কারাগার নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প:**

**আলোচনাঃ**

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জুলাই ২০১১ হতে জুন ২০২৩ মেয়াদে ২৮৮.২৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২১০.৫৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৩.০৫% এবং ভৌত অগ্রগতি ৮৮%। ২০২৩-২৪ অর্থবছরে এডিপি বরাদ্দ ৫০.০০ কোটি টাকা। জুলাই ২০২৩ পর্যন্ত কোনো ব্যয় করা হয়নি। প্রকল্প পরিচালক বলেন, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে আইএমইডি এক সপ্তাহের মধ্যে এ প্রকল্পের প্রতিবেদন প্রণয়ন করে ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করবেন। সভাপতি মহোদয় আইএমইডি কর্তৃক প্রতিবেদন প্রদানে দেরি হলে তাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্তঃ**

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করতে হবে;

(খ) ভৌত অবকাঠামো বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করে প্রকল্পের মেয়াদ বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে;

(গ) বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অবশিষ্ট আইটেমসমূহের ক্রয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

## (খ) <u>ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প:</u>

<u>আলোচনাঃ</u>

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জুলাই ২০১৫ হতে জুন ২০২৫ মেয়াদে ২৪০.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৮৬.৬৩ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬.০৭% এবং ভৌত অগ্রগতি ৪৫%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৩০.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৭.৫০ কোটি টাকা যা বরাদ্দের ২৫%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়নি। প্রকল্প পরিচালক বলেন, ১১টি টেন্ডার এর কার্যক্রম চলছে এর মধ্যে ৬টি টেন্ডার প্রকাশিত আছে বাকী ৫টি আগামী মাসে প্রকাশিত হবে। পুরাতন স্থাপনা ভাংগার জন্য গণপূর্ত অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। গত ১৭ আগস্ট ২০২৩ তারিখে ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারের পূর্ত কাজের প্যাকেজ নং ৭(১) (পুরুষ ওয়ার্কশেডের উর্ধ্বমুখী সম্প্রসারণ, হাসপাতালের রান্নাঘর, স্যানিটারি ও বিদ্যুতায়ন), প্যাকেজ নং ২০ (পুরুষ দন্ডপ্রাপ্ত বন্দি ব্যারাকের ০৬ তলা ভবন ও সিভিল, সেনিটারী, বৈদ্যুতিক কাজ), প্যাকেজ নং ২২ (পুরুষ সাক্ষাৎকার ভবন, অভ্যন্তরীণ গোডাউন, ০৫টি গাড়ি পার্কিং, সিভিল সেনিটারী ও বৈদ্যুতিক) কাজের দরপত্র উন্মুক্ত করা হয়েছে। পূর্ত কাজের প্যাকেজ নং ১৩ (বৃষ্টির পানি সংরক্ষণ, পুকুর উন্নয়ন (২টি) সিভিল, সেনিটারী বৈদ্যুতিক কাজ) গত ০৬ আগস্ট ২০২৩ তারিখে উন্মুক্ত হয়েছে। গত ২৭ জুলাই ২০২৩ তারিখে পূর্ত কাজের প্যাকেজ নং ৬(১) (সিনিয়র জেল সুপারের জন্য ১২৫০ বর্গ ফুটের আধুনিক ভবন, সিভিল সেনিটারী, বৈদ্যুতিক কাজ) এবং প্যাকেজ নং ১৫ (বহি:স্থ বিদ্যুতায়ন, সোলার প্যানেল, লাইটিং এরেষ্টার, পিএবিএক্স, অগ্নি নির্বাপন) ইত্যাদির দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্যাকেজ নং ১৭(২) (ময়মনসিংহ-জামালপুর সড়কের দক্ষিণ অংশে ভূমি উন্নয়ন) এর দরপত্র আহ্বানের সম্ভাব্য তারিখ ২৪ আগস্ট ২০২৩। প্যাকেজে নং ১(১) (প্রশাসনিক ভবন, ম্যাগাজিন, ভার্চুয়াল কোর্ট, জেল স্কুল, লাইব্রেরী ও মহিলা ওয়ার্কশেড), প্যাকেজ নং ১০(৩) (আরসিসি রাস্তা, কালভার্ট ও ড্রেন নির্মাণ) এবং প্যাকেজ নং ১১(৪) (পেরিমিটার ওয়াল, সেগ্রিগেশন ওয়াল ও বাউন্ডারি ওয়াল নির্মাণ কাজ) এর দরপত্র আহ্বানের সম্ভাব্য তারিখ আগামী ৩১ আগস্ট ২০২৩।

<u>সিদ্ধান্ত:</u>

(ক) প্রকল্প পরিচালক পিডব্লিউডি এর সাথে নিবিড় সম্পর্ক বজায় রেখে চলমান টেন্ডার কার্যক্রম এবং কার্যাদেশসমূহ যথাসময়ে সম্পন্ন করে বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে;

(খ) মনিটরিং কার্যক্রম আরো জোরদার করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(গ) কারা নিরাপত্তা আধুনিকায়ন (ঢাকা, চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগ) প্রকল্প:**

**আলোচনাঃ**

যুগ্মসচিব (পরিকল্পনা) জানান যে, জানুয়ারি ২০১৬ হতে জুন ২০২৪ মেয়াদে ৪৯.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়নের জন্য নির্ধারিত ছিল। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৭.৩৩ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৪.৬৯% এবং ভৌত অগ্রগতি ৬০%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১.০০ লক্ষ টাকা এবং জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়নি।

**সিদ্ধান্ত:**

(ক) পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(ঘ) পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প:**

**আলোচনাঃ**

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জুলাই ২০১৮ হতে জুন ২০২৬ মেয়াদে ৬০৭.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৩৮.১২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২২.৭৪% এবং ভৌত অগ্রগতি ২৬.৫০%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ২০০.০০ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ৪৯.২৪ কোটি টাকা যা বরাদ্দের ২৪.৬২%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০১৯৯ কোটি টাকা যা বরাদ্দের অর্থের ০.০০৯৯%।

**সিদ্ধান্ত:**

(ক) পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের প্রক্রিয়া ত্বরান্বিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) প্রকল্পের সার্বিক কার্যক্রম কর্মপরিকল্পনা অনুযায়ী যথাযথভাবে দ্রুততার সাথে শেষ করতে হবে;

(গ) নকশা অনুমোদনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

**(ঙ) কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুন:নির্মাণ প্রকল্প:**

## আলোচনাঃ

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৫ মেয়াদে ৬০৯.৭৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৫০.৭৭ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৪.৭২% এবং ভৌত অগ্রগতি ২৯%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৫.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ২১.১০ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৪.৮২%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০১৬ কোটি টাকা যা বরাদ্দের ০.০১৯%। প্রকল্প পরিচালক সভায় বলেন, ডিপিপি সংশোধন করা হয়েছে। কাজের অগ্রগতি অনেক কম। ৩নং প্যাকেজ বড় প্যাকেজ হওয়ায় এই প্যাকেজের টেন্ডার সম্পন্ন করা হলে অনেক কাজ করা সম্ভব হবে এবং কাজের অগ্রগতি অনেক দ্রুততর হবে। প্রকল্প পরিচালক গত ২১/০৮/২০২৩ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শন করেন। তাছাড়া কুমিল্লা কারাগারের কাজের অগ্রগতি কমে যাওয়ার একটি প্রধান অন্তরায় হলো লোকবল সংকট। এ প্রসঙ্গে সভাপতি বলেন, জনবল এখন একটি প্রধান সমস্যা। প্রকল্প পরিচালক আরো বলেন, কুমিল্লা কারাগারের মহিলা ওয়ার্ডের কাজ ও স্কুল ভবনের কাজ শুরু করা যায়নি। মন্ত্রিপরিষদ বিভাগের গত ১২/০৮/২০২৩ তারিখের মিটিংয়ের সিদ্ধান্ত মোতাবেক ভবন নির্মাণ কাজ আপাতত বন্ধ আছে। বড় বিল্ডিংগুলোর কাজ সম্পন্ন হয়েছে। সভাপতি মহোদয় গণপূর্ত অধিদপ্তরের সাথে যোগাযোগ করে প্রকল্প পরিচালককে কাজ সমাপ্ত করার নির্দেশনা দেন। কারা মহাপরিদর্শক সভায় বলেন যে, কুমিল্লা কারাগার প্রকল্প বাস্তবায়নে স্থানীয় প্রশাসনের সহযোগিতা প্রয়োজন। পূর্ত কাজের প্যাকেজ নং পণ্য-১ যানবাহন ক্রয়ের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে দরপত্র আহ্বানের সম্ভাব্য তারিখ ০১/০২/২০২৪ নির্ধারণ করা হয়েছে। পণ্য-২ সিসিটিভি ক্যামেরা বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে দরপত্র আহ্বানের সম্ভাব্য তারিখ ০১/০১/২০২৪ নির্ধারণ করা হয়েছে। পণ্য-৫ কম্পিউটার ও অন্যান্য সরঞ্জামাদি বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে দরপত্র আহ্বানের সম্ভাব্য তারিখ ০৩/০৯/২০২৩ তারিখ নির্ধারণ করা হয়েছে। পণ্য-৭ আসবাবপত্র সরাসরি ক্রয় করার জন্য নির্ধারিত থাকলেও এখনো ক্রয় করা সম্ভব হয়নি। পণ্য-৮ এ অফিস সরঞ্জামাদির দরপত্র ২৭/০৮/২০২৩ তারিখে দরপত্র আহ্বান করার জন্য নির্ধারিত আছে। সেবা খাতে আউটসোর্সিং পদ্ধতিতে জনবল নিয়োগের জন্য ০১/০৮/২০২৩ তারিখে দরপত্র আহ্বান করা হয় এবং ২৪/০৮/২০২৩ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। পূর্তকাজ-৩ এ বিভিন্ন ভবন ও স্থাপনা নির্মাণের দরপত্র ৩০/০৭/২০২৩ তারিখের পরিবর্তে ১৭/০৮/২০২৩ তারিখে আহ্বান করা হয়েছে। পূর্ত কাজ-৫ ব্যাচেলর অফিসার কোয়ার্টার নির্মাণের দরপত্র ০৬/০৮/২০২৩ তারিখে আহ্বানের কথা থাকলেও বর্তমানে দরপত্র আহ্বানের প্রক্রিয়া চলছে। পুর্ত কাজ-৮ এ বিভিন্ন ভবন ও স্থাপনা নির্মাণের দরপত্র ৩১/০৭/২০২৩ তারিখে আহ্বানের কথা থাকলেও বর্তমানে দরপত্র আহ্বানের জন্য এস্টিমেট চুড়ান্ত করা হচ্ছে। পুর্ত কাজ-১১ এ বহি:বিদ্যুতায়ন ২১/০৮/২০২৩ তারিখে দরপত্র আহ্বানের জন্য নির্ধারিত থাকলেও বর্তমানে দরপত্র আহ্বানের জন্য এস্টিমেট চুড়ান্ত করা হচ্ছে। পূর্ত কাজ-১২ এ অগ্নি নির্বাপণ ব্যবস্থার দরপত্র ০৩/০৯/২০২৩ তারিখে আহ্বানের জন্য এস্টিমেট চুড়ান্ত করা হচ্ছে। পূর্ত কাজ-১৩ বহি:পানি সরবরাহ ও গ্যাস সংযোগের দরপত্র আগামী ০৩/০৯/২০২৩ তারিখে আহ্বান করা হবে ও পূর্ত কাজ-১৫ এয়ার কুলার, পিএ সিস্টেম, কনফারেন্স সিস্টেমের দরপত্র আগামী ১৮/০৯/২০২৩ তারিখে দরপত্র আহ্বান করা হবে।

## সিদ্ধান্ত:

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক ভৌত ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(খ) প্রকল্প পরিচালক গণপূর্ত অধিদপ্তর এর সাথে সমন্বয় করে প্রকল্পের কাজ শেষ করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

## (চ) নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প:

### আলোচনাঃ

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে ৩২৬.৯৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১২০.৫৮ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৯.৭৭% এবং ভৌত অগ্রগতি ৬২%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৮৫.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ২১.০৬ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৪.৭৮%। জুলাই ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ০৯.৪৫ কোটি টাকা যা বরাদ্দের ১১.১২%।প্রকল্প পরিচালক বলেন, নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্পের কাজ বেশ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। অর্থ বরাদ্দের কোনো সমস্যা না থাকার কারণে প্রকল্প পরিচালক সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় এ প্রকল্পের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং এ অগ্রগতির ধারা অব্যাহত রাখতে প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

### সিদ্ধান্ত:

(ক) ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা মোতাবেক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

## (ছ) জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ প্রকল্প:

### আলোচনাঃ

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, জুলাই ২০২০ হতে জুন ২০২৫ মেয়াদে ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জুলাই ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৯.৬২ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯.৩৪% এবং ভৌত অগ্রগতি ১০%। চলতি অর্থ বছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৪০.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ১০.০০ কোটি টাকা। যা বরাদ্দকৃত অর্থের ২৫%। জুলাই ২০২৩ পর্যন্ত এ প্রকল্পের আওতায় কোনো ব্যয় করা সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক সভাকে জানান, প্যাকেজ নং ০১ এ পূর্তকাজের পুরুষ বিচারাধীন বন্দিব্যারাকের ৬ষ্ঠ তলার ঢালাই প্রস্তুতি চলমান, কনডেম সেলের স্ট্রাকচারের কাজ সম্পন্ন হয়েছে, গাঁথুনির কাজ চলমান। পুরুষ বন্দিদের প্রাথমিক হাসপাতালের

টেস্টপাইল সম্পন্ন হয়েছে ও পেরিমিটার ওয়ালের ৩৬টি পাইল ঢালাই সম্পন্ন হয়েছে। প্যাকেজ নং ০২ এ পূর্তকাজের ব্যাচেলর অফিসার্স কোয়ার্টারের ফিনিশিং কাজ চলমান। ৮০০ বর্গফুট আবাসিক ভবনের ৪র্থ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ৬৫০ বর্গফুট আবাসিক ভবনের টেস্টপাইল ঢালাই সম্পন্ন, পুরুষ প্রহরী ব্যারাক, ফুয়েল ষ্টোর, সাব স্টেশন ভবনের ফিনিশিং কাজ চলমান। মাল্টিপারপাস ভবনের ৪র্থ তলার কাস্টিং এবং ছাদের সাটারিংকাজ চলমান। প্যাকেজ নং ০৩ এ স্যুয়রাজে ট্রিটমেন্ট প্লান্ট (এসটিপি) প্রাক্কলন প্রস্তুত করা হয়নি। নির্মাণ কাজ সমাপ্তির শেষ দিকে করা হবে। প্যাকেজ নং ০৪ এ পূর্ত কাজের বহি: পানি সরবরাহ চুক্তি ১১/০৯/২০২২ তারিখে ২৯০.৫৪ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন হয়েছে। প্যাকেজ নং ০৫ এ পূর্ত কাজের বহি: গ্যাস/এলপিজি প্লান্ট চুক্তি সম্পন্ন হয়েছে। প্যাকেজ নং ০৬ এ পূর্ত কাজের বনায়ন প্রাক্কলন প্রস্তুত করা হয়নি। নির্মাণ কাজ সমাপ্তির শেষের দিকে করা হবে। প্যাকেজ নং ৭ এ পূর্ত কাজের বহি: বিদ্যুতায়ন চুক্তি ২৩/১১/২০২২ তারিখে ১৪৩৪.১৬ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন হয়েছে। পূর্তকাজের ০৭টি প্যাকেজের মধ্যে ০২টি প্যাকেজের কাজ চলমান আছে। আরো ৩টি প্যাকেজের টেন্ডার সম্পন্ন হয়েছে এবং কাজ দ্রুতই শুরু করা হবে। বাকি ০২টি প্যাকেজের কাজ শেষে শুরু করা হবে কিছু স্থাপনা সরানোর এস্টিমেট করে নিলাম প্রতিবেদন গণপূর্ত মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। আগামি ২৩/০৮/২০২৩ তারিখে গণপূর্ত মন্ত্রণালয়ে নিলাম সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুসারে কাজ করা হবে। তাছাড়া নির্মাণ সামগ্রির ব্যয়বৃদ্ধির কারণে ঠিকাদাররা কাজ করতে না চাওয়ায় প্রকল্পের কাজের গতি অনেক কম।

**সিদ্ধান্ত:**

(ক) প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী টেন্ডারসহ অন্যান্য সার্বিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;

(খ) গণপূর্ত অধিদপ্তর ও ঠিকাদারের সাথে উদ্ভূত পরিস্থিতিরি একটি প্রতিবেদন তৈরি করে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা সমূহ ২০২৩-২৪ অর্থবছরের ক্যালেন্ডার প্রণয়ন করে তদনুযায়ী সম্পন্ন করতে হবে।

## (জ) কারা অধিদপ্তরের বরাদ্দবিহীন (সবুজ পাতায় অন্তর্ভুক্ত) অননুমোদিত নতুন প্রকল্পের সর্বশেষ অগ্রগতির বিবরণ:


| ক্র:নং | প্রকল্পের নাম | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ থেকে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের চাহিদামালা চুড়ান্ত করার লক্ষ্যে ০৯-০৪-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমির জনবল নির্ধারণের জন্য ২৩-০৫-২০২৩ তারিখে কারা অধিদপ্তরে পুনরায় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩/০৫/২৩ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক জনবল নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন দাখিল করেছেন। কমিটির প্রতিবেদনের আলোকে ২৪/০৭/২৩ তারিখ অনুষ্ঠিত সভায় হাসপাতালের জনবল চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের মাস্টারপ্লান ও ডিপিপি প্রণয়ণের জন্য ১৪/০৮/২০২৩ তারিখ স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। | কারা অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর |
| ২. | অ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন প্রকল্প ( ০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | গত ১৯-১১-২০১৯ তারিখ পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে সংশোধিত ডিপিপির উপর গত ০৭-৯-২০২২ তারিখ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। যাচাই কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি সংশোধন করে ১০/০৫/২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে এবং সুরক্ষা সেবা বিভাগ থেকে গত ২৪/০৭/২০২৩ তারিখ উক্ত ডিপিপি ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। | ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশিন |
| ৩. | কেন্দ্রীয় কারা হাসপাতাল, কেরানিগঞ্জ নির্মাণ প্রকল্প (০১/০৭/২০২২ হতে ৩০/০৬/২০২৫) | প্রকল্পের চাহিদামালা চূড়ান্ত করার লক্ষ্যে ০৪-০৪-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক একাডেমির জনবল নির্ধারণের জন্য ২৩-০৫-২০২৩ তারিখ কারা অধিদপ্তরে পুনরায় সভা অনুষ্ঠিত হয়েছে। ২৩-০৫-২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত জনবল নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি তাদের প্রতিবেদন দাখিল করেছেন। কমিটির প্রতিবেদনের আলোকে ২৪/০৭/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভায় হাসপাতালের জন্য চূড়ান্ত করা হয়েছে। প্রকল্পের মাস্টারপ্লান ও ডিপিপি প্রণয়নের জন্য ০২/০৮/২০২৩ তারিখে স্থাপত্য অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। । | গণপূর্ত অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর |

সভাপতি সভার সিদ্ধান্তসমূহ আন্তরিকতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। তিনি বলেন যে, উন্নয়ন প্রকল্পের যে সকল কার্যক্রম বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত সেগুলো অগ্রাধিকার ভিত্তিতে যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং মাসিক প্রকল্প পর্যালোচনা সভায় এর অগ্রগতি পর্যালোচনা করতে হবে। সভায় উপস্থিত প্রতিনিধিদের পক্ষ থেকে যদি কোন বক্তব্য থাকে তা উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন। স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে বলেন, স্থাপত্য অধিদপ্তর থেকে ভবন নির্মাণের জন্য যে নকশা গণপূর্ত অধিদপ্তরকে দেওয়া হয়ে থাকে সেই নকশা মেনেই যেন ভবন নির্মাণ করা হয়। গণপূর্ত অধিদপ্তর ভবন নির্মাণের সময় অধিকাংশ ক্ষেত্রে নকশা অনুসরণ করেন না। গণপূর্ত অধিদপ্তর থেকে

স্থাপত্য অধিদপ্তরকে প্রকল্প এলাকা পরিদর্শনের জন্য অনুরোধ করা হয় এবং নকশা অনুযায়ী ভবন নির্মাণ করা হবে মর্মে গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভায় জানান।

১০। সভাপতি আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৪.০৬.০০১.২১.২০৮

তারিখ: ১৫ ভাদ্র ১৪৩০
৩০ আগস্ট ২০২৩


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৩) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
৭) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৮) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৯) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
১০) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১২) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৩) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৪) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
১৫) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর
১৬) প্রধান প্রকৌশলী , গণপূর্ত অধিদপ্তর
১৭) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর
১৮) যুগ্মসচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
১৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ
২০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
২১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
২২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২৩) সিনিয়র সহকারী সচিব, পরি-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

২৪) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

২৫) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের জন্য)



মোঃ মোশারফ হোসেন
উপসচিব